তুমি তাঁর কাছে যাও এবং তাকে বল, তুমি জাহান্নামীদের অন্তর্ভুক্ত নও, বরং তুমি জান্নাতীদের অন্তর্ভুক্ত”।

আনাস বিন মালিক রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত: নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম খোঁজ নিয়ে সাবিত ইবনু কায়েস-কে তাঁর মাজলিসে অনুপস্থিত পেলেন। তখন এক সাহাবী বললেন, হে আল্লাহর রাসূল! আমি আপনার কাছে তার সংবাদ নিয়ে আসবো। তিনি তাঁর কাছে এসে তাকে তার ঘরে অবনত মস্তকে বসা পেলেন। তিনি বললেন, তোমার কী অবস্থা? তিনি বললেন, অত্যন্ত খারাপ। সাবিত তার গলার স্বর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর গলার স্বর থেকে উঁচু করত, ফলে তার আমল নষ্ট হয়ে গেছে। সে জাহান্নামীদের অন্তর্ভুক্ত।তারপর ঐ ব্যক্তি ফিরে এসে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে জানালেন সাবিত এসব কথা বলেছে। ফলে দ্বিতীয়বার সে মহা সুসংবাদ নিয়ে হাযির হলেন, তিনি বললেন, “তুমি তাঁর কাছে যাও এবং তাকে বল, তুমি জাহান্নামীদের অন্তর্ভুক্ত নও, বরং
তুমি জান্নাতীদের অন্তর্ভুক্ত”। [সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম সাবিত ইবনু কায়েসকে অনুপস্থিত দেখে তার সম্পর্কে জানতে চাইলেন। এক ব্যক্তি বললেন, আমি তাঁর সংবাদ ও অনুপ্রস্থিত হওয়ার কারণ বের করব। তিনি তাঁর কাছে গেলেন এবং তাঁকে মাথা ঝুকানো চিন্তিত অবস্থায় পেলেন। তিনি তাঁকে জিজ্ঞেস করলেন, তোমার কী অবস্থা? সাবিত তাকে তার খারাপ অবস্থার সংবাদ দিলেন, কারণ সে নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের আওয়াজের ওপর নিজের আওয়াজ উঁচু করতেন, অথচ যে এরূপ করবে আল্লাহ তার আমল বাতিল হওয়ার সতর্ক বার্তা দিয়েছেন, এবং সে জাহান্নামী! লোকটি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিকট ফিরে এলেন এবং তাঁকে তা জানালেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে সাবিতের নিকট ফিরে গিয়ে সুসংবাদ দিতে বললেন, জাহান্নামী নয়, বরং সে জান্নাতী। কারণ, তার আওয়াজ স্বভাবগতভাবে উঁচু ছিল, অধিকন্তু সে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম ও আনসারীদের খতীব (মুখপাত্র) ছিলেন।

https://sunnah.global/hadeeth/bn/show/65073